

প্রিয়দর্শনী একাডেমি পুরস্কারে ভূষিত হলেন আজিজ খান



ফটো ক্যাপশন: সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, প্রিয়দর্শনী একাডেমির ৩৮তম অ্যাওয়ার্ডে ভারতের প্রাক্তন ফেডারেল মন্ত্রী সুরেশ প্রভুর থেকে 'বাংলাদেশের অবকাঠামো খাতে অসামান্য অবদানের জন্য গ্লোবাল অ্যাওয়ার্ড' গ্রহণ করেন। এছাড়াও ছবিতে আছেন প্রিয়দর্শনী একাডেমির ড: নিরঞ্জন হিরানান্দানি, চেয়ারম্যান এবং গ্লোবাল অ্যাওয়ার্ডস উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ড:আর এ মশেলকার।

(মুম্বাই) ২০ই সেপ্টেম্বর ২০২২, মঙ্গলবার: সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, প্রিয়দর্শনী একাডেমির ৩৮তম অ্যাওয়ার্ডে ভারতের প্রাক্তন ফেডারেল মন্ত্রী এবং ঋষিহুড বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চ্যান্সেলর সুরেশ প্রভুর থেকে 'বাংলাদেশের অবকাঠামো খাতে অসামান্য অবদানের জন্য গ্লোবাল অ্যাওয়ার্ড' গ্রহণ করেন, যা এশিয়ার নোবেল পুরস্কার হিসেবেও পরিচিত।

এর আগে বাংলাদেশ থেকে ব্র্যাক-এর প্রতিষ্ঠাতা ও চেয়ারপার্সন স্যার ফজলে হাসান আবেদ কেসিএমজি, দারিদ্র্য দূরীকরণ এবং দরিদ্রদের ক্ষমতায়নে অসামান্য অবদানের জন্য '৩০তম প্রিয়দর্শনী একাডেমির গ্লোবাল অ্যাওয়ার্ড' পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নিতিন গডকড়ী, ভারতের সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী, পীযুষ গোয়েল উপভোক্তা-মামলা, খাদ্য ও সার্বজনীন বিতরণ, বস্ত্র, শিল্প ও বাণিজ্য মন্ত্রী এবং রাজ্যসভার নেতা এবং রাহুল নারওয়েকর, মহারাষ্ট্র বিধানসভার সদস্য স্পিকার এবং অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দ।

অন্যান্য '২০২২ গ্লোবাল অ্যাওয়ার্ড বিজয়ীরা' হলেন অভিনেত্রী আলিয়া ভাট, প্রিয়দর্শনী একাডেমির স্নিতা পাতিল মেমোরিয়াল অ্যাওয়ার্ডের প্রাপক, টেকসই উন্নয়নে অবদানের জন্য মেক্সিকোর রাষ্ট্রদূত প্যাট্রিসিয়া ই ক্যান্টেলানো; রামকৃষ্ণ বাজাজ মেমোরিয়াল অ্যাওয়ার্ডের প্রাপক ড: সঞ্জীব গোয়েঙ্কা, চেয়ারম্যান আরপি সঞ্জীব গোয়েঙ্কা গ্রুপ, আন্তর্জাতিক ব্যবসা-উন্নয়নে অবদানের জন্য ডাইকিন এয়ারকন্ডিশনিং-এর চেয়ারম্যান ও

এমডি কানওয়াল জিত জাওয়া, নারীর ক্ষমতায়ন এবং ধর্মীয় অবদানের জন্য শ্রী বেদমাতা গায়ত্রী ট্রাস্টের ম্যানেজিং ট্রাস্টি শ্রদ্ধেয়া শৈলবালা পাল্ড্য এবং ভিরিও গ্রুপের চেয়ারম্যান দারিও ওয়ারথেইন হরিশ মাহিন্দ্রা মেমোরিয়াল অ্যাওয়ার্ড পেয়েছেন ।

প্রিয়দর্শনী একাডেমি গ্লোবাল অ্যাওয়ার্ডস সম্পর্কে: আজ প্রতিষ্ঠার প্রায় চার দশক পরে, ভারতে প্রতিষ্ঠিত প্রিয়দর্শনী একাডেমি গ্লোবাল অ্যাওয়ার্ডস এখন আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি মানবিক পুরস্কারগুলোর মধ্যে অন্যতম। বিশ্বে নোবেল পুরস্কারের মতো মর্যাদাপূর্ণ এই পুরস্কারটি ভারতে প্রতিষ্ঠিত করা নানিক রূপানীর স্বপ্ন ছিল এবং আজ বহু নেতাই প্রিয়দর্শনী একাডেমি গ্লোবাল অ্যাওয়ার্ডসকে এশিয়ার নোবেল পুরস্কার হিসেবে গণ্য করেন। প্রিয়দর্শনী একাডেমি ব্যবসায়িক নেতৃত্ব, পরিবেশ সংরক্ষণ, মানবিক কর্মকান্ড, কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি, বিজ্ঞান ও প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি দিয়ে আসছে ।
বিস্তারিত জানতে-

Visit: <https://www.priyadarshniacademy.com>

Saurabh Bendkhale, Manager Public Relations, Priyadarshni Academy

ইমেইল: pa@priyadarshniacademy.com / priyadarshniacademy@gmail.com

Tel: +91 22 22873456 / 66307160

www.summitpowerinternational.com

মোহসেনা হাসান, সামিট কর্পোরেশন,

ইমেইল- mohsena.hassan@summit-centre.com,

মূঠোফোন- +8801713081905